

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৯৪

৮. পবিত্রতা অর্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ পাত্রে কুকুর মুখ দিলে সাত ধৌত করার ক্ষেত্রে প্রথমবার মাটি দিয়ে ধৌত করা প্রসঙ্গে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ مَأْمُورٌ عِنْدَ غَسْلِهِ الْإِنَاءَ مِنْ وُلُوغِ الْكَلْبِ فِيهِ أَنْ يَجْعَلَ أَوَّلَ الْغَسَلَاتِ بالتُّرَاب

আরবী

1294 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ هشام بن حسان عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (طَهُورُ إِنَاءِ أَحَدِكُمْ إِذَا وَلَغَ فِيهِ الْكَلْبُ أَنْ يَغْسِلَهُ سَبْعَ مرات أولاهن بالتراب)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1294 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৯৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন কুকুর তোমাদের কারো পাত্রে মুখ দিবে, তখন সেই পাত্রের পবিত্রতার (উপায়) হলো তা সাতবার ধৌত করা; যার প্রথমবার হবে মাটি দ্বারা।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৭৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৩; মুসনাদ আহমাদ: ২/৪২৭; সুনান বাইহাকী: ১/২৪০; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৩০; আবূ আওয়ানা: ১/২০৭; আবূ দাউদ: ৭১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২১; আবূ নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৯/১৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।



আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ৬৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন